বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৬(২০১৬-১৭)/২০১৮-২০১৯/ তারিখঃ ৩১.১২.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আব্দুল মোতালেব, ২য় কর্মকর্তা(মুখ্য কর্মকর্তা), বিকেবি, সীড ষ্টোর বাজার শাখা, ময়মনসিংহ(দঃ) ইতিপূর্বে বিকেবি, জামালপুর অঞ্চলাধীন জব্বারগঞ্জ বাজার শাখায় ব্যবস্থাপক(মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দূর্নীতিমূলক অপরাধের জন্য ২২/১৬-১৭ নং বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ১০.১১.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৬/২০১৬-২০১৭/১৪৫৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আব্দুল মোতালেব আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরু দন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দন্ডে দন্ডিত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ২২.০৩.২০১৮ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৬(২০১৬-২০১৭)/২০১৮-১৯/৩৫০১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ আব্দুল মোতালেব অত্র বিভাগের ২২.০৩.২০১৮ ইং তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আব্দুল মোতালেব আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ আব্দুল মোতালেব আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ আব্দুল মোতালেব (এ-২৮৪১)
২য় কর্মকর্তা, মুখ্য কর্মকর্তা(বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
সীডষ্টোর বাজার শাখা
ময়মনসিংহ(দঃ)।

স্বাক্ষরিত
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৬(২০১৬-১৭)/২০১৮-২০১৯/ ১১২৭(৭) তারিখঃ ৩১.১২.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রিয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।
০৮। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীন নিয়ন্ত্রন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, জামালপুর।
১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, জামালপুর।
১২। ব্যবস্থাপক, বিকেবি, সীডষ্টোর বাজার শাখা, ময়মনসিংহ(দঃ)। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব মোঃ আব্দুল মোতালেব এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১৩। ব্যবস্থাপক, বিকেবি, জব্বারগঞ্জ বাজার শাখা, জামালপুর। অভিযোগ সংশ্লিষ্ট ঋন কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
১৪। নথি/ মহানথি / মূলনথি।

৩১/১২/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক